আগামীকাল প্রকাশ হচ্ছে এইচএসসির ফল, জানবেন যেভাবে



ছবি: সংগৃহীত

এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে আগামীকাল শনিবার (৩১ অক্টোবর)। এদিন বেলা ১১টায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে সংবাদ সম্মেলনে ফলাফলের বিস্তারিত তুলে ধরবেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শিক্ষা প্রতিষ্ঠানগুলো "eduboardresults.gov.bd" এবং "educationboardresults.gov.bd" ওয়েবসাইট থেকে ফলাফল সংগ্রহ করতে পারবে।

প্রতিষ্ঠানগুলোকে ওয়েবসাইটের Result কর্নারে গিয়ে বোর্ডের নাম ও প্রতিষ্ঠানের EIIN নম্বর দিয়ে ফলাফল ডাউনলোড করতে বলা হয়েছে। পরে ডাউনলোড করা ফলাফল প্রকাশ করতে পারবে তারা।

শিক্ষার্থীরাও একই দুটি ওয়েবসাইটের পাশাপাশি নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফল জানতে পারবেন। এ ছাড়া মোবাইল ফোনে এসএমএস পাঠিয়েও ফল সংগ্রহের সুযোগ থাকছে।

এসএমএসে ফল জানতে HSC লিখে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর, রোল নম্বর ও পরীক্ষার বছর লিখে ১৬১৪০ নম্বরে পাঠাতে হবে। যেকোনো মোবাইল নম্বর থেকে এ পদ্ধতিতে ফল জানা যাবে।

চলতি বছর দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে ৯ হাজার ৪৩৯টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন শিক্ষার্থী এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেন।